# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**19-05-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ একাধিক বিষয় পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল দু'দিনের জেলা সফরে যাচ্ছেন।

২/ রাজ্য সরকার, উত্তরবঙ্গের তিনটি পুরসভা ও একটি নোটিফায়েড এলাকায় প্রশাসক নিয়োগ করেছে।

৩/ উত্তরবঙ্গে, চিকেনস নেক-এর আন্তর্জাতিক সীমানায় বি এস এফ-কে জমি হস্তান্তর প্রক্রিয়া শুরু করেছে রাজ্য।

৪/ দক্ষিণ ২৪ পরগণার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামী ২১শে মে পুনর্নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে।

৫/ অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে আজও বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস। মুর্শিদাবাদে গতকাল বজ্রপাতে ৭ জনের মৃত্যু।

oooooooooooooooooooooooooo

বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল দু'দিনের জেলা সফরে যাচ্ছেন। আগামীকাল কলকাতা থেকে রওনা হয়ে বাগডোগরা পৌঁছে শিলিগুড়ির উত্তরকন্যায় উত্তরবঙ্গের ৭

জেলার প্রশাসনিক আধিকারিকদের নিয়ে তিনি পর্যালোচনা বৈঠক করবেন বলে নবান্ন সূত্রে খবর। আলিপুরদুয়ার, কালিম্পং, দার্জিলিং, কোচবিহার সহ উত্তরবঙ্গের বিভিন্ন জেলার জেলা শাসক, পুলিশ সুপার ছাড়াও নবনির্বাচিত বিধায়কদের বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার, পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমানের প্রশাসনিক আধিকারিক ও বিধায়কদের সঙ্গে বৈঠকের কর্মসূচি রয়েছে মুখ্যমন্ত্রীর।

oooooooooooooooooooooooooo

রাজ্য সরকার পার্বত্য অঞ্চল সহ উত্তরবঙ্গের একাধিক এলাকার পুরসভায় প্রশাসক নিয়োগ করেছে। পুর ও নগরোন্নয়ন দফতরের তরফে এক বিজ্ঞপ্তি জারি করে পূর্ববর্তী সমস্ত নির্দেশ বাতিল করে দার্জিলিং, কালিম্পং এবং দক্ষিণ দিনাজপুর জেলার চারটি পুর এলাকায় নতুন করে প্রশাসক নিয়োগ করা হচ্ছে। পুর আইন অনুযায়ী, পুরসভাগুলিতে নতুন বোর্ড গঠন এবং নির্বাচন না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট মহকুমাশাসকদের প্রশাসক হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে বলে খবর।

কার্শিয়াং পুরসভায় প্রশাসক করা হয়েছে কার্শিয়াংয়ের মহকুমাশাসককে। মিরিক নোটিফায়েড এরিয়া অথরিটিতে দায়িত্ব পেয়েছেন মিরিকের মহকুমাশাসক। একইভাবে কালিম্পং পুরসভায় কালিম্পংয়ের মহকুমাশাসক এবং বুনিয়াদপুর পুরসভায় গঙ্গারামপুরের মহকুমাশাসককে প্রশাসক হিসেবে নিয়োগ করা হয়েছে।

oooooooooooooooooooooooooo

রাজ্য সরকার, শিলিগুড়ি করিডর বা চিকেনস নেকের আন্তর্জাতিক সীমানায় আউটপোস্ট তৈরি ও কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য সীমান্ত সুরক্ষা বাহিনী বিএসএফকে জমি হস্তান্তরের কাজ শুরু করেছে। উত্তর চব্বিশ পরগণার বনগাঁ থেকে শামশেননগর পর্যন্ত ১৫১ কিলোমিটার সীমান্তে দ্রুত কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিমধ্যেই রাজ্যের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকরা জমিদাতাদের কাছ থেকে জমি অধিগ্রহণের পরে প্রয়োজনীয় মাপজোকের পরে বিএসএফের হাতে তুলে দেওয়ার কাজ শুরু করেছেন। জমিদাতাদের ক্ষতিপূরণ দেওয়ার বিষয়েও নজর রাখছেন আধিকারিকরা।

উত্তর ২৪ পরগনার ঘোজাডাঙ্গা বিএসএফ ক্যাম্পে আজ একটি উচ্চপর্যায়ের প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন জেলাশাসক শিল্পা গৌরি সারিয়া, পুলিশ সুপার অলকনন্দা ভাওয়াল, কেন্দ্রীয় গোয়েন্দা দপ্তর ও ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিকরা।

oooooooooooooooooooooooooooo

রাজ্য সরকারী কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়ার বিষয়ে গতকাল মন্ত্রিসভার বৈঠকে কোনও ঘোষণা না হওয়ায় বিভিন্ন মহল থেকে প্রতিক্রিয়া মিলেছে।

বকেয়া ডিএ মেটানোর বিষয়ে এখনই আশাহত হওয়ার কারণ নেই বলে আকাশবাণীকে জানিয়েছেন, রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী।

(বাইট – বিশ্বজিৎ গুপ্ত)

কর্মচারী পরিষদের সভাপতি দেবাশিষ শীল জানান, রাজ্য সরকার এব্যাপারে শীঘ্রই ইতিবাচক সিদ্ধান্ত নেবে বলে তাঁর আশা।

ooooooooooooooooooooooooo

সরকারী খরচ কমাতে মুখ্যসচিব মনোজ আগরওয়াল সব দপ্তরের সচিব এবং জেলাশাসকদের একাধিক নির্দেশ দিয়েছেন। রাজ্য সরকারের অধীনে থাকা সব বিভাগ, ডিরেক্টরেটস, রাজ্য সরকার পরিচালিত সংস্থা, বোর্ড, নিগম, সরকারি মালিকানাধীন বা সরকারি অর্থায়নে পরিচালিত সমিতি, দপ্তর, আধা-সরকারি সংস্থা এবং পথে নেমে কাজ করতে হয় এমন দপ্তরগুলোকে খরচ কমানো এবং দক্ষতা বাড়ানোর ওপর জোর দিতে বলা হয়েছে।

নির্দেশিকায় বলা হয়েছে, দপ্তরের কাজ ও পর্যালোচনার জন্য ভিডিও কনফারেন্স, ভার্চুয়াল সভা এবং ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করতে হবে। পাশাপাশি যেখানে সম্ভব সেখানে বাড়ি থেকে কাজের সুযোগও খতিয়ে দেখতে হবে। জরুরি নয় এমন ভ্রমণ কমাতে হবে। প্রয়োজনে গণপরিবহন, কারপুল এবং বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার করতে হবে। সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানগুলোকে শক্তি সংরক্ষণ বা জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ই–অফিস ব্যবস্থা বাড়িয়ে খরচ কমাতে হবে। উৎসাহিত করতে হবে দেশীয় পণ্য, স্বদেশী উদ্যোগকে। দক্ষ লজিস্টিক বা সরবরাহ ব্যবস্থার প্রসার ঘটানোর পাশাপাশি বর্জ্য কমানো, পুনর্ব্যবহার এবং প্রাকৃতিক সম্পদের দায়িত্বশীল ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। স্থানীয়ভাবে উৎপাদিত ভোজ্য

তেলের ব্যবহারের পাশপাশি প্রাকৃতিক ও পরিবেশ-বান্ধব কৃষি পদ্ধতি প্রয়োগ করার ওপর জোর দেওয়া হয়েছে।

নির্দেশিকায় আরও বলা হয়েছে, রাজ্য সরকারের প্রতিটি বিভাগ এবং জেলা প্রশাসনকে ২০২৬–২৭ আর্থিক বছরের জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করে আগামী শুক্রবারের মধ্যে তা মুখ্যসচিবের দপ্তরে জমা দিতে হবে। আগামী পয়লা জুলাই থেকে নিয়মিত ভাবে পেশ করতে হবে মাসিক প্রতিবেদন।

ooooooooooooooooooooooooo

পাঁচ দিনের মধ্যেই দেশে পেট্রোল ও ডিজেলের দাম ফের কিছুটা বাড়েছে। আজ থেকেই কার্যকর হয়েছে জ্বালানীর বর্ধিত মূল্য। কলকাতায় লিটার পিছু পেট্রোলের দাম ৯৬ পয়সা বেড়ে হয়েছে ১০৯ টাকা ৭০ পয়সা।

অন্যদিকে, ডিজেলের দাম প্রতি লিটারে ৯৪ পয়সা বেড়েছে। নতুন দাম দাঁড়িয়েছে ৯৬ টাকা ৮ পয়সা।

পশ্চিম এশিয়ার সঙ্কটের প্রেক্ষিতে বাধ্য হয়ে তেলের দাম বাড়াতে হচ্ছে বলে রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ মন্তব্য করেছেন।

ooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “ইবোলা: আতঙ্ক নয় প্রয়োজন সতর্কতা।" জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন কাশফিন নাহার। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামী বৃহস্পতিবার ২১-শে মে পুনর্নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যা ৬টায় শেষ হবে। এরপরই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। আজ বিজেপি প্রার্থীর হয়ে প্রচার সারবেন রাজ্যের মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা শুভেন্দু অধিকারী। তিনি আজ ফলতায় রোড-শো করবেন। পাশাপাশি দিনভর ছোট সভা করার কথা রয়েছে তাঁর। শেষবেলায় অন্যান্য রাজনৈতিক দলগুলিও নিজ নিজ প্রার্থীদের সমর্থনে প্রচার চালাবে।

ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটদাতা, মোট ছ’জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। মহিলা ভোটদাতার সংখ্যা এক লক্ষ্য ১ লক্ষ ১৫ হাজার ১৩৫ জন। বিশেষ ভাবে সক্ষম ভোটার রয়েছেন ২ হাজারের কিছু বেশি। ২৪ টি অক্সিলিয়ারি বুথ সহ মোট ২৮৫ টি ভোট গ্রহণ কেন্দ্রে সকাল সাতটা থেকে শুরু হয়ে ভোট নেওয়া হবে সন্ধ্যে ছটা পর্যন্ত। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, গোটা কেন্দ্রে কড়া নিরাপত্তা ও নজরদারির ব্যবস্থা করা হয়েছে। মোতায়েন করা হচ্ছে ৩৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। পাশাপাশি, দ্রুত পরিস্থিতি মোকাবিলায় থাকছে ৩৫টি কুইক রেসপন্স টিম।

উল্লেখ্য, গত ২৯শে এপ্রিল রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনে ফলতায় ভোট নেওয়া হলেও একাধিক কারচুপির অভিযোগে তা বাতিল ক’রে পুনর্নির্বাচনের কথা ঘোষণা করে নির্বাচন কমিশন। ভোটগণনা ২৪শে মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে পালাবদলের পর থেকেই একাধিক জায়গায় তৃণমূল কংগ্রেস নেতারা গ্রেপ্তার হচ্ছেন।

বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের দিন বিজেপি কর্মীদের ওপর গুলি চালনার অভিযোগে গতরাতে দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ অরিত্র বোসকে গ্রেপ্তার করা হয়েছে।

জেলারই ঠাকুরপুকুর মহেশতলা ব্লকের পঞ্চায়েত সমিতির সহ সভাপতি বিপ্লব মন্ডলকে ২০২১ সালের ভোট পরবর্তী হিংসায় জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। একই অভিযোগে উত্তর ২৪ পরগণার স্বরূপনগর পঞ্চায়েত সমিতির সহ সভাপতি, তেপুল-মির্জাপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের স্বামী তৃণমূল কংগ্রেস নেতা নারায়ণ চন্দ্র করকে গ্রেপ্তার করেছে পুলিশ। তিনি স্থানীয় বিধায়ক বিনা মন্ডলের ঘনিষ্ঠ।

অন্যদিকে, দাঙ্গা, অশান্তি, নারী নির্যাতন এবং সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগে পুলিশ গতরাতে সন্দেশখালীর দু নম্বর ব্লকের তৃণমূল কংগ্রেসের সহ সভাপতি শ্রীদাম হাউলিকে তুষখালি এলাকা থেকে গ্রেপ্তার করেছে। শ্রীদাম জেলবন্দী শেখ শাহজাহানের ঘনিষ্ঠ বলে জানা গেছে।

পুলিশের গায়ে হাত তোলার অপরাধে অশোকনগরের তৃণমূল কংগ্রেস নেতা হাবরা পঞ্চায়েত সমিতির মৎস্য কর্মাধ্যক্ষ শেখ ইনজামুলকে গ্রেপ্তার করা হয়েছে।

ভোট পরবর্তী হিংসায় জড়িত থাকার অভিযোগে কোচবিহারের মাথাভাঙ্গার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার চন্দ্রশেখর রায় বসুনিয়াকে গ্রেপ্তার করেছে পুলিশ।

ডাকাতি সহ একাধিক অপরাধমূলক কাজে জড়িত থাকার অভিযোগে বাঁকুড়া সদর থানার পুলিশ তৃণমূল কংগ্রেসের সুরজ বক্স-কে গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে গত ১০ ই এপ্রিল সংগ্রামী যৌথ মঞ্চের বাঁকুড়া জেলা সম্পাদক অরিন্দম মন্ডলকে বিনা প্ররোচনায় হকি স্টিক দিয়ে নির্মম ভাবে মারধরের অভিযোগ রয়েছে। আজ সুরজ বক্সকে বাঁকুড়া জেলা আদালতে তোলা হলে বিচারক সাত দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন।

অন্যদিকে, পূর্ব বর্ধমানের রায়না থেকে দুই তৃণমূল কংগ্রেস নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। আগ্নেয়াস্ত্র দেখিয়ে টাকা তোলার অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে।

oooooooooooooooooooooooooo

আবাস যোজনা সংক্রান্ত দুর্নীতির অভিযোগে মুর্শিদাবাদের সাগরপাড়া থানার দেবীপুরের অঞ্চল সভাপতি তৃণমূল কংগ্রেসের বাবলু মন্ডলকে গ্রেফতার করেছে পুলিশ। দিবাকর মন্ডল নামে এক ব্যাক্তির লিখিত অভিযোগের ভিত্তিতে গত রাতে তাঁকে গ্রেফতার করা হয়। দীর্ঘদিন ধরেই নিজস্ব প্রভাব খাটিয়ে এলাকার একাধিক মানুষের কাছ থেকে আবাস যোজনার ঘর দেওয়ার নামে তিনি টাকা তুলতেন বলে অভিযোগ।

oooooooooooooooooooooooooooo

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে দুর্নীতি ও আর্থিক অনিয়মের মামলায় ইডিকে বিচারপ্রক্রিয়া চালানোর অনুমোদন দিল রাজ্য সরকার। স্বাস্থ্য দফতরের তরফে জারি হওয়া নির্দেশিকায় জানানো হয়েছে, রাজ্যপাল তথা উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি মেলার পরই এই বিষয়ে ছাড়পত্র দেওয়া হয়েছে।

সরকারি নির্দেশিকায় জানানো হয়েছে, কলকাতা হাইকোর্ট, টালা থানায় দায়ের হওয়া মামলার তদন্তভার সিবিআইয়ের দুর্নীতি দমন শাখার কাছে হস্তান্তর করে। পরে সিবিআই, আর জি করের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং আরও কয়েকজনের বিরুদ্ধে মৃতদেহ নিয়ে ব্যবসা, ল্যাবরেটারির সরঞ্জাম কেনায় অনিয়ম সহ বিভিন্ন অভিযোগে মামলা দায়ের করে। সন্দীপ ঘোষ ছাড়াও একাধিক সংস্থার বিরুদ্ধেও হাসপাতালের বিভিন্ন ক্রয়-প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট বিষয়ে আর্থিক অনিয়ম, দুর্নীতি ও সরকারি অর্থের অপব্যবহারের অভিযোগ রয়েছে।
সিবিআই তদন্তে সন্দীপ ঘোষের বিরুদ্ধে এমন কিছু তথ্য উঠে এসেছে, যা অর্থ তছরুপ প্রতিরোধ আইন বা পিএমএলএ-র নির্ধারিত আওতায় পড়ে। তার ওপর ভিত্তি করেই ইডি আলাদাভাবে তদন্ত শুরু করেছিল। রাজ্যপালের অনুমোদনের ভিত্তিতে বিএনএস দুর্নীতি প্রতিরোধ আইনের সংশ্লিষ্ট ধারায় সন্দীপ ঘোষের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরু করার অনুমতি দেওয়া হয়েছে বলে নির্দেশিকায় জানা গেছে। স্বাস্থ্য দফতরের বিশেষ সচিব অমিত দান এই নির্দেশ জারি করেছেন।
এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই অনুমোদনকে অভয়ার ন্যায়বিচারের লক্ষ্যে এক মহতী ও সদর্থক পদক্ষেপ বলে উল্লেখ করেছেন। সমাজমাধ্যমের এক বার্তায় তিনি বলেন, গত তৃণমূল কংগ্রেস সরকার অনৈতিকভাবে এই মামলার তদন্ত প্রক্রিয়া আটকে রেখেছিল। কিন্তু দীর্ঘদিন সত্যকে চাপা রাখা যায়না বলেও মত প্রকাশ করেন তিনি।

ooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ১৭ টি সম্পত্তির নামে কলকাতা পুরসভা নোটিস দিয়েছে। পুরসভার বিল্ডিং বিভাগ থেকে পাঠানো এই নোটিসে রয়েছে হরিশ মুখার্জি রোডের অভিষেকের বাড়ি, শান্তিনিকেতনও। একইসঙ্গে সাংসদের অপর একটি সম্পত্তি, কালীঘাট মোড়ে থাকা একটি বাড়ি রয়েছে। ঐ বাড়িটিতে বর্তমানে হার্ডওয়ারের দোকান আছে। এছাড়াও রয়েছে একাধিক সম্পত্তি। এই সম্পত্তি অর্থাৎ বাড়িগুলির

বিল্ডিং প্ল্যান-সহ যাবতীয় নথিপত্র নিয়ে পুরসভায় দেখা করতে বলা হয়েছে। গত তিনদিন ধরে অ্যাসেসমেন্টের কাজ চলছিল। জানা গেছে, কালিঘাট রোডে অভিষেকের যে বাড়ি রয়েছে, তা লিপস অ্যান্ড বাউন্ডসে নামে নথিভুক্ত। পুরআইনে ৪০১ ধারায় নোটিস পাঠিয়ে শুনানিতে ডাকা হয়েছে। নিয়ে আসতে বলা হয়েছে সমস্ত কাগজপত্র। কোথাও বিল্ডিং প্ল্যানের বাইরে গিয়ে অবৈধ নির্মাণ হয়েছে কি না বা হয়ে থাকলে তার রেগুলারাইজেশন হয়েছিল কি না, সেই সমস্ত কিছু খতিয়ে দেখা হবে। আইন মোতাবেক কাজ না হয়ে থাকলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে পুরসভা সূত্রে জানানো হয়েছে।

এদিকে, সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের প্রচার চলাকালীন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-কে হুমকি এবং উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে দায়ের হওয়া মামলায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই মামলায় আদালতে রক্ষা কবচের আবেদন জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট আজ তার আগের নির্দেশ বজায় রেখে বলেছে, পথকুকুরদের নির্বীজকরণের পর তাদের পুনরায় রাস্তায় ছেড়ে দেওয়া যাবে না।

বিচারপতি বিক্রম নাথের নেতৃত্বাধীন এক বেঞ্চ গতবছর ওই আদেশ পরিবর্তন করতে চাওয়া আবেদনগুলি খারিজ করে দিয়েছে। কোর্ট জানিয়েছে, পথকুকুরগুলিকে আশ্রয়কেন্দ্রেই রেখে দিতে হবে।

দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে জন্মনিয়ন্ত্রণ কেন্দ্র খুলতে বলেছে শীর্ষ আদালত । এরই সঙ্গে পর্যাপ্ত পরিমাণে অ্যান্টি Rabies টীকা মজুত রাখতে বলা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে জলীয়বাষ্প বেশি থাকার কারণে আজও বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। তবে অস্বস্তিকর ও ঘর্মাক্ত আবহাওয়া বজায় থাকবে। তাপমাত্রারও আগামী কয়েক দিনে বিশেষ কোনো পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

তবে, উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত পাঁচ জেলাতে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

দক্ষিণবঙ্গে আজ পূর্ব বর্ধমান ও নদিয়া জেলায় রয়েছে দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা। এছাড়া পশ্চিম বর্ধমান পুরুলিয়া বাঁকুড়া ঝাড়গ্রাম হুগলি বীরভূম মুর্শিদাবাদ জেলাতেও বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

গত ২৪ ঘন্টায় উত্তরবঙ্গের কালিম্পংয়ের ঝালং এ সব থেকে বেশি ৬১ মিলিমিটার এবং দক্ষিণবঙ্গের মুর্শিদাবাদের আমতলায় ২৬ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের বিস্তীর্ণ এলাকায় গতকাল বিকেলের প্রবল ঝড় বৃষ্টি এবং পর পর বজ্রপাতে সাত জনের মৃত্যু হয়েছে।

ভরতপুরের বাসিন্দা বছর ৪৬ এর বিলকিস বেগম মাঠ থেকে গবাদি পশু আনতে গিয়ে বজ্রাহত হন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। নবগ্রাম দাসপাড়ায় রাজেশ হাঁসদা নামে ২৭ বছরের এক যুবক প্রাণ হারিয়েছেন। তিনি ঝাড়খন্ডের পাকুর এলাকা থেকে চাষের কাজে নবগ্রাম গিয়েছিলেন।

হরিহর পাড়ার বালুর-মাঠপাড়া এলাকায় মাঠে কাজ করার সময়ে বাজ পড়ে মৃত্যু হয়েছে ৬১ বছরের রায়েচ শেখের।

অন্যদিকে নওদার ঝাউবোনা এলাকায় ৭৪ বছর বয়সী এক বৃদ্ধ প্রাণ হারিয়েছেন। বিশ্বনাথ মন্ডল নামে ঐ ব্যক্তি পাটক্ষেতে নিড়ানীর কাজ করছিলেন।

কান্দিতে বাজ পড়ে মৃত্যু হয়েছে দুজনের। বছর ২০-র সফিকুল শেখ রানিপুর গ্রামের এবং ৬৫ বছর বয়সী নবকুমার মন্ডল বালুট গ্রামের বাসিন্দা।

ডোমকল থানার অন্তর্গত ঘোরামারা এলাকায় মাঠে কাজ কররা সময়ে বজ্রাঘাতে প্রাণ হারিয়েছেন অজিত মন্ডল নামে এক ব্যক্তি।

এক বেলার মধ্যে এতগুলি মৃত্যুর ঘটনা জেলায় শোকের ছায়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০